

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৮- ১৫৩

তারিখঃ ৫ অক্টোবর, ১৪২৬

২০.১১.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রাশেদ আহমেদ (১২১১৬৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ গত ০৬.০৬.২০১৩ হতে ১৫.১১.২০১৭ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৫.১০.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৮-৪৬৬ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন; তবে তার অনুপস্থিতির কারণ হিসেবে দীর্ঘস্থায়ী অসুস্থতার বিষয়টি বিশেষ বিবেচনার জন্যও মতামত প্রদান করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ রাশেদ আহমেদ (১২১১৬৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালায় ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০৬.০৬.২০১৩ হতে ১৫.১১.২০১৭ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৫ মাস ৯ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাখিল করতে পারবেন না। তার যোগদানের তারিখ ১৬/১১/২০১৭ তারিখ হতে আদেশ জারির তারিখ পর্যন্ত সময়কে চাকরিকাল হিসেবে গণ্য করে তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

তারিখঃ ২০.১১.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৮- ১৫৩/২ (১০)  
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]
- ৬। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। ডাঃ মোঃ রাশেদ আহমেদ (১২১১৬৬), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ।  
(স্থায়ী ঠিকানাঃ বাড়ি নং ৪৬, পোতা নং ৩৭, ধানমন্ডি আবাসিক এলাকা, ধানমন্ডি, ঢাকা ১২১৩১)।
- ১০। অফিস কপি।

